

জাতীয় শুদ্ধাচার কৌশল (২০২১-২২) বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ শফিকুর রেজা বিশ্বাস
বিভাগীয় কমিশনার

সভার তারিখ ও সময় : ২৩/০৯/২০২১খ্রি, দুপুর ১২.৩০ মিনিট


সভার স্থান : সম্মেলনকক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে এ কার্যালয়ের জন্য প্রণীত ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করা আবশ্যিক। এ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক প্রচেষ্টায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভায় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	নৈতিকতা কমিটির সভা	নৈতিকতা কমিটির সভা কর্মপরিকল্পনা অনুযায়ী আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে।	অতি. বিভাগীয় কমিশনার (সার্বিক)
২	সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের সভা আয়োজন	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সমন্বয়ে সভার আয়োজন করতে হবে। কর্মপরিকল্পনা অনুযায়ী দ্বিতীয় ও তৃতীয় কোয়ার্টারে দুইটি সভা আয়োজনের প্রস্তাবনা রয়েছে।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতি. বিভাগীয় কমিশনার (সার্বিক)
৩	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতি. বিভাগীয় কমিশনার (সার্বিক)
৪	কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়ন	কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) সহ অফিসের সার্বিক নিরাপত্তা বিষয়ে আলোচনা করা হয়।	১. এ কার্যালয়ে সকল কর্মকর্তা-কর্মচারীর আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করতে হবে। ২. টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল তালিকা করে যথাযথ বিধি অনুসরণপূর্বক বিনষ্টকরণ করতে হবে ৩. কার্যালয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে।	অতি. বিভাগীয় কমিশনার (সার্বিক), সিনিয়র সহকারী /সহকারী কমিশনার (নেজারত)
৫	ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডকরণ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলপূর্বক ও স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ১৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।	সহকারী কমিশনার (উন্নয়ন)
৬	বার্ষিক উন্নয়ন কর্মসূচি/বাজেট বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন/বাজেট বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	এ কার্যালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচি/বাজেট বাস্তবায়নের প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করতে হবে।	অতি. বিভাগীয় কমিশনার (সার্বিক)
৭	অভিযোগ নিষ্পত্তি	বিভাগীয় কমিশনারের কার্যালয়ে দাখিলকৃত অভিযোগসমূহ যথাসম্ভব দ্রুত নিষ্পত্তি করতে হবে।	দাখিলকৃত অভিযোগসমূহ যথাসম্ভব দ্রুত নিষ্পত্তি করতে হবে।	সহকারী কমিশনার (উন্নয়ন),
৮	নির্ধারিত সময়ের মধ্যে অফিসে উপস্থিতি	কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত সময়ের মধ্যে অফিসে উপস্থিত হতে হবে।	কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত সময়ের মধ্যে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য ডিজিটাল হাজিরা তদারকি করতে হবে।	সহকারী কমিশনার (সংস্থাপন)

৯	আপিল মামলা সংক্রান্ত আলোচনা।	বিভাগীয় কমিশনারের কার্যালয়ের আপিল মামলাসমূহ নিষ্পত্তিতে অধিকতর স্বচ্ছতা আনয়ন করতে হবে।	বিভাগীয় কমিশনারের কার্যালয়ের আপিল মামলাসমূহ যথাসম্ভব দ্রুত নিষ্পত্তি করতে হবে।	অতি. বিভাগীয় কমিশনার (রাজস্ব)
---	------------------------------	---	--	--------------------------------

পরিশেষে, এ কার্যালয়ের ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশিত হওয়ায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে খন্যবাদ জানান। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শফিকুর রেজা বিশ্বাস)

বিভাগীয় কমিশনার

ময়মনসিংহ।

ফোন: +৮৮-০৯১-৬১৪৪৪ (অফিস)

ফ্যাক্স: +৮৮-০৯১-৬৬৪৪০ (অফিস)

ই-মেইল: divcommymensingh@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৫.০০০০.০১২.১৮.০০৩.২১/(৮)-৩০১

তারিখ:

১৩ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ

২৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪., সদস্য, বিভাগীয় নৈতিকতা কমিটি, ময়মনসিংহ।



(কাবেরী জালাল)

সহকারী কমিশনার

বিভাগীয় কমিশনারের কার্যালয়

ময়মনসিংহ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
(উন্নয়ন শাখা)
www.mymensinghdiv.gov.bd



স্মারক নং-০৫.৪৫.০০০০.০১২.০৬.০০১.২০-২৯৩


তারিখ: ০৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নোটিশ

আগামী ২৩ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখ বৃহস্পতিবার দুপুর ১২.৩০ টায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ ঐর সম্মেলন কক্ষে বিভাগীয় নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় তাঁকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

- ০১। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।
- ০২। বিবিধ।





২৪/০৯/২০২১
(কাবেরী জালাল)
সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ময়মনসিংহ

বিতরণ:

- ১। অতি.বিভাগীয় কমিশনার (সা.), ময়মনসিংহ বিভাগ।
- ২। সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।
- ৩। সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।
- ৪। সি এ টু বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অফিস কপি।

২০২১-২২ অর্থবছরে মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে
বিভাগীয় নৈতিকতা কমিটির ১ম সভার হাজিরা শিট

তারিখ: ২৩/০৯/২০২১ খ্রি.

ক্রম	নাম ও পদবি	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
০১	জনাব এস, এ, এম, রফিকুল্লাহী অতি. বিভাগীয় কমিশনার (সা.) ময়মনসিংহ	০১৭১৫-৩২ ৫৩৪৬	 ২৬/৯/২১
০২	জনাব মো: আবিদুর রহমান সিনিয়র সহকারী কমিশনার বিভাগীয় কমিশনারের কার্যালয় ময়মনসিংহ	০১৭৩৫ ২৪৪০৫০ abed.apece@gmail. com	 ২৬/৯/২১
০৩	কাবেরী জালাল সহকারী কমিশনার বিভাগীয় কমিশনারের কার্যালয় ময়মনসিংহ	০১৭৭৩২ ৭৬০০৪ Kaberi's 34@gmail. com	 ২৬/০৯/২০২১